বাংলাদেশ কৃষিব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়, রাজবাড়ী।
Email: crmrajbari@krishibank.org.bd

মুজিব বর্ষ MUJIB 100
মুজিববর্ষের প্রতিশ্রুতি আর্থিক খাতের অগ্রগতি

**বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত অংশীজনের অংশগ্রহণে চতুর্থ ত্রৈমাসিক কমিটির সভায় মতামত ও গৃহীত সিদ্ধান্ত ।**

COVID-19 সংক্রমণ রোধকল্পে স্বাস্থ্যবিধি পরিপালন সর্বোচ্চ অগ্রাধিকার

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজবাড়ী মুখ্য অঞ্চলের অংশীজনের অংশগ্রহণে চতুর্থ ত্রৈমাসিক সভা অদ্য ২৭-০৬-২০২১ ইং তারিখ রোজ রবিবার দুপুর ৩.০০ ঘটিকার সময় মুখ্য আঞ্চলিক কার্যালয়ে মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকের অফিস কক্ষে অনুষ্ঠিত হয় । সকল সদস্য, পাঁচুরিয়া শাখার ব্যবস্থাপক, একজন মাঠকর্মী ও একজন সম্মানীত গ্রাহকের উপস্থিতিতে সভায় সভাপতিত্ব করেন মোহাঃ আতিকুর রহমান, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, রাজবাড়ী ।

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত অংশীজনের অংশগ্রহণে চতুর্থ ত্রৈমাসিক সভায় আলোচনা শেষে নিম্নোক্ত বিষয়/কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত বাস্তবায়নঃ

ক) COVID-19 করোনা ভাইরাস ক্রমশ বৃদ্ধি পাচ্ছে, এ বিষয়ে আরো সচেতন হতে হবে। মাস্ক পরিধান নিশ্চিত করতে হবে এবং হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করতে হবে একই সাথে নিরাপদ দুরুত্ব বজায় রেখে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করতে হবে;

খ) শাখার রেমিট্যান্স সাইনবোর্ড শাখার সাইনবোর্ডের পাশে লাগতে হবে তা অবশ্যই কৃষি ব্যাংকে প্রদত্ত সকল কোম্পানির লোগো সম্বলিত হতে হবে;

গ) শাখায় অবশ্যই পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করতে হবে। যাতে করে শাখায় আগত সকল নির্বাহীগণ পরিদর্শন কালে তাদের মতামত লিপিবদ্ধ করতে পারেন; এবং

ঘ) ১৬.০৬.২০২১ইং তারিখে বিকেবি, বালিয়াকান্দি শাখায় প্রকাশ্যে ঋণ বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

সিদ্ধান্তঃ

ক) ২য় কর্মকর্তার টেবিলে **BAMLCO** লেখা থাকতে হবে এবং মানিলন্ডারিং সম্পর্কিত যে ১৭টি ফাইল সংরক্ষণ করার কথা রয়েছে তা সকল শাখার ২য় কর্মকর্তার নিকট রাখতে হবে;

খ) গুণী জনের অংশ গ্রহনে গনশুনানী ও ফিডব্যাক মিটিং আগামী ২৮.০৬.২০২১ইং তারিখে অনুষ্ঠিত হবে;

গ) নাগরিক অডিট বোর্ড সকল শাখায় স্থাপন নিশ্চিত করতে হবে, সেখানে ঋণ গ্রহীতার নাম, ঠিকানা, ঋণের খাত ও গৃহীত ঋণের পরিমান লেখা থাকবে;

ঘ) শাখা পর্যায়ে শাখার সার্বিক পরিস্কার পরিচ্ছন্নতা বজায় রাখতে হবে,যেহেতু সকল শাখা এখন অনলাইনের আওতায় তাই আমাদের যে সকল নতুন নতুন সেবা চালু রয়েছে তা গ্রাহকগণকে অবহিত করতে হবে;(মোঃ মিজানুর রহমান, কর্মকর্তা)

ঙ) ব্যাংক লাভ জনক পর্যায়ে নিতে হলে অবশ্যই কম সুদবাহী আমানত আনতে হবে, আমাদের নতুন যে ৬টি স্কীম বিদ্যমান রয়েছে সে বিষয়ে গ্রাহকগণকে অবহিত করতে হবে;

চ) বিকেবি, পাঁচুরিয়া শাখার সম্মানীত সিসি ঋণ গ্রহীতা জনাব মোঃ শহিদুল ইসলাম বলেন শাখার ঋণ বিতরণের কার্যক্রমে আমি খুবই সন্তুষ্ট। শাখার সকল কর্মকর্তা খুবই ভাল তাদের সেবার মান অনেক ভাল। শাখা অনলাইন হওয়ায় ব্যাংকের উর্দ্ধতন কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। সিসি ঋণ গ্রহীতাদের সাথে ব্যাংক থেকে সব সময় তদারকি করলে ভাল হয়। গ্রাহক সেবা পেতে কোন রকম হয়রানির সম্মুক্ষীন হতে হয় না। শাখার সার্বিক কার্যক্রম ও পরিবেশ ভাল; এবং

ছ) বিকেবি, পাঁচুরিয়া শাখার ব্যবস্থাপক জনাব মোঃ মেহেদী হাসান জানান আমার দায়িত্ব গ্রহণ কালে শাখায় যে পরিমান রেমিট্যান্স ও আমানত ছিল তার থেকে এখন অনেক বৃদ্ধি পেয়েছে। শুধুমাত্র সেবার মান বৃদ্ধি হওয়ায় এটা সম্ভব হয়েছে একইসাথে সকল শাখা অনলাইন হওয়ায় রেমিট্যান্স এখন একটু কমে যাচ্ছে কারন ইএফটিএন এর মাধ্যমে এখন রেমিট্যান্সের টাকা বেশি আসে। তবে শাখাটি জুন-২১ এ লাভ জনক পর্যায়ে থাকবে।

27/6/21
মোঃ নিয়ামত উল্লাহ
সদস্য, আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
উর্দ্ধতন মুখ্য কর্মকর্তা

27/6/21
মোঃ মিজানুর রহমান
সদস্য, আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
কর্মকর্তা

27.06.21
মোঃ মাসুদুল হক
সদস্য, আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
কর্মকর্তা

Rahman 27/06/21
মোঃ হাফিজুর রহমান
সদস্য সচিব আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
উঃ কর্মকতা

27/6/21
মোহাঃ আতিকুর রহমান
আহ্বায়ক, আঞ্চলিক নৈতিকতা কমিটি
ও
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ
০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-০১ ও ০২ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর (প্রশাসন মহাবিভাগ), বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, ফরিদপুর।
০৫। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ফরিদপুর।
০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, রাজবাড়ী।
০৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজবাড়ী মুখ্য অঞ্চল, রাজবাড়ী।
০৯। অফিস নথি।

Scanned with CamScanner